

মানসম্মত শিক্ষাপ্রদানে শিক্ষকদের জন্য প্রণীত সচেতনতাবিকাশী উপকরণ

বাংলা ভাষান্তর: শফি আহমেদ



Education Internationale de l'Education
Internacionale de la Educacion



গণসাক্ষরতা অভিযান
CAMPE

শিক্ষালাভের সংকট; সংখ্যায়

পৃথিবীর ৬৫ কোটি
স্কুল-পড়ুয়া বয়সী
শিশুদের মধ্যে

২৫ কোটিই

মৌলিক শিক্ষা অর্জন
করছে না



১২ কোটি শিশু

৪ বছরের শিক্ষা সমাপনই করেনি

নিম্ন ও নিম্নমধ্যবিত্ত আয়ের দেশগুলিতে:

৫ বা ৬ বছর স্কুলে
শিক্ষা লাভ করার পর



তিনজনের মধ্যে একজন শিশু
এমনকি পড়তেও পারে না

১৭৫ মিটার

নিম্ন ও নিম্নমধ্যবিত্ত
আয়ের দেশগুলিতে
নিরক্ষর যুবসংখ্যা

বর্তমান হারে,

বাড়তে থাকলে সব তরুণদের
যথাযথ সাক্ষরতা দক্ষতা অর্জন করতে
কয়েক দশক লেগে যাবে

যুব নিরক্ষরতা
বর্তমান বৃদ্ধির হারে
যুব নিরক্ষরতা দূরীকরণ

২০৩০

২০৭২

শিক্ষকরা খুবই গুরুত্বপূর্ণ, তথাপি...

বছরের পর বছর ধরে প্রশিক্ষিত
শিক্ষকদের সংকট রয়েছে



১৬ লক্ষ

শিক্ষক দরকার
২০১৫ সাল নাগাদ

৩৩ লক্ষ

শিক্ষকের প্রয়োজন হবে
২০৩০ সাল নাগাদ

শিক্ষার্থীতে উপচে-পড়া
শ্রেণীকক্ষ

২০১১ সালে, ২৬টি দেশে প্রাথমিক বিদ্যালয়ের প্রতি ক্লাসে শিক্ষকপ্রতি শিক্ষার্থীর সংখ্যা ছিল ৪০-এর বেশি

নামমাত্র
শিক্ষক প্রশিক্ষণ

তথ্য সংগ্রহ করা হয়েছে এমন এক তৃতীয়াংশ দেশে, কর্মরত শিক্ষকদের মধ্যে তিন-চতুর্থাংশের কম সংখ্যকের জাতীয় মান অনুযায়ী প্রশিক্ষণ রয়েছে। সাব-সাহারান আফ্রিকা ও দক্ষিণ এবং পশ্চিম এশিয়ায় এই সংকট গভীরতর

অনিশ্চিত
চুক্তিপত্র

বিগত এক দশকে, স্বল্প মেয়াদে শিক্ষক নিয়োগের হার বৃদ্ধি পেয়েছে, যাতে দ্রুত শূন্যপদে নিয়োগ দেয়া যায়

স্বল্প
বেতন

কিছু কিছু উন্নয়নশীল দেশে, শিক্ষকদের আয় এত কম যে, তারা নিজেদের পরিবারকে দারিদ্র্যসীমার ওপরে আনতে পারেন না

মানসম্মত শিক্ষাপ্রদানে শিক্ষকদের জন্য প্রণীত সচেতনতাবিকাশী উপকরণ

শিক্ষক এবং শিক্ষক সমিতিগুলোকে এই সমস্যা সমাধানে সম্পৃক্ত হতে হবে

পৃথিবীর কোন কোন অঞ্চলে শিক্ষার গুণগত মান নিশ্চিত করতে শিক্ষক সমিতিগুলোর তাৎপর্যবহু ভূমিকা রয়েছে। সরকার এবং স্থানীয় পর্যায়ের নিয়োগকারীদের সঙ্গে সাধারণভাবে তাদের একটা ইতিবাচকভাবে কার্যকর সম্পর্ক থাকে। প্রকৃতপক্ষে, শিক্ষামূলক পদক্ষেপ গ্রহণে আন্তর্জাতিক ক্ষেত্রে সফলতার উচ্চ পর্যায়ে রয়েছে, এমন দেশগুলিতে শিক্ষামূলক সংস্কার কর্মসূচির পরিপ্রেক্ষিতে নির্মাণে শক্তিশালী শিক্ষক সমিতিসমূহ অংশগ্রহণ করে থাকে। তারা শিক্ষণ ও শিখনের প্রকৃত পরিস্থিতি বিষয়ে মূল্যবান তথ্যের যোগান দেয়। যে কোন অঞ্চলে, যেখানে সক্ষমতার অভাব রয়েছে, সেখানে তারা শিক্ষাব্যবস্থার অবকাঠামোগত ক্ষেত্রে সহায়তা দান করে। কোন কোন শিক্ষক সমিতি উদ্ভাবনী পন্থার বিস্তার এবং নতুন শিক্ষামূলক অনুশীলন প্রচলনেও সক্ষমতা প্রদর্শন করে থাকে। (বাসসিয়া, ২০১৩)

১. যাঁরা শিক্ষার অবয়ব দানের সঙ্গে যুক্ত, তাঁরা বাস্তবায়নের সঙ্গেও যুক্ত থাকলে শিক্ষামূলক নীতিমালা কার্যকর করা সম্ভব।
২. কোন কোন দেশে, সুবিধাবঞ্চিত শিশুদের শিক্ষায় শিক্ষক সমিতিসমূহকে যুক্ত করার নীতি থাকায় বেশ উন্নতি সাধিত হয়েছে। বলিভিয়ার সংবিধানে আদিবাসীদের অধিকার সংযুক্তি নিশ্চিত করতে শিক্ষক সমিতিসমূহ সহায়তা করেছে। আদিবাসীদের মাতৃভাষায় শিক্ষা ব্যবস্থার প্রচলন নিরক্ষরতা হ্রাসে অবদান রেখেছে।

কিন্তু

নীতিনির্ধারকবৃন্দ শিক্ষক অথবা শিক্ষক সমিতিসমূহকে ঘনিষ্ঠভাবে সম্পৃক্ত করেন না।
এখন সময় এসেছে এটা পরিবর্তনের।



কিভাবে শিক্ষকরা সাহায্য করতে পারেন



অধিকসংখ্যক ও অধিক যোগ্যতাসম্পন্ন শিক্ষকদের নিয়োগ নিশ্চিত করতে সাহায্য করুন।

বার্তা: বিভিন্ন পটভূমি থেকে আসা মানসম্পন্ন শিক্ষকদের (নারী শিক্ষক, আদিবাসী ও সংখ্যালঘু ভাষার শিক্ষক, প্রতিবন্ধী শিক্ষক) অভাব রয়েছে বছরের পর বছর। ফলে মানসম্মত শিক্ষাদান বিঘ্নিত হচ্ছে।

লক্ষ্যসমূহ: সব প্রার্থীর ভাল মানের যোগ্যতাসহ অন্তত মাধ্যমিক শিক্ষা সমাপনী পরীক্ষার পাশের ডিগ্রী থাকবে—তা নিশ্চিত করার জন্য সরকারের সঙ্গে দেন-দরবার করুন। এটার জন্য অবশ্যই মাধ্যমিক শিক্ষা বিস্তারের একটা অভিযানও একই সাথে চালাতে হবে।

নারী শিক্ষক এবং যাঁরা প্রত্যন্ত, গ্রামীণ বা দরিদ্র-অধ্যুষিত অঞ্চল, সংঘর্ষের এলাকা এবং অসুবিধাক্রিষ্ট শিশুদের বসবাসের জায়গায় কাজ করতে বা থাকতে আগ্রহী, এমন প্রার্থীরা যাতে

নিয়োগ পান, তা নিশ্চিত করতে প্রচারণা চালাতে হবে।

স্থানীয় শিক্ষকদের নিয়োগদানের সুপ্রভাব সম্পর্কে সরকারকে মনে করিয়ে দিতে হবে এবং তারা যেন শিক্ষার্থীদের সংস্কৃতি ও ভাষার সঙ্গে পরিচিত হন, তা নিশ্চিত করতে যথাযথ প্রশিক্ষণের ব্যবস্থাও করতে হবে।

সাক্ষ্যপ্রমাণ: এটা খুবই স্বাভাবিক যে, স্থানীয়ভাবে নিয়োগপ্রাপ্ত শিক্ষকরা যেসব বিদ্যালয়ে পড়াবেন, সেখানকার শিক্ষার্থী এবং মাতা-পিতাদের সাংস্কৃতিক ও সামাজিক পটভূমি সম্পর্কে তারা অনেক বেশি পরিচিত। শিক্ষক এবং শিক্ষার্থীদের মধ্যে এই ঘনিষ্ঠতা ছাত্র-ছাত্রীদের শিখনের ওপর ইতিবাচক প্রভাব ফেলে।

৩০টি উন্নয়নশীল দেশে, নারী শিক্ষকদের অধিক সংখ্যায় নিয়োগের ফলে দেখা গেছে যে,

মানসম্মত শিক্ষাপ্রদানে শিক্ষকদের জন্য প্রণীত সচেতনতাবিকাশী উপকরণ

এর ফলে মেয়ে শিক্ষার্থীদের অভিজ্ঞতা ও অর্জন বৃদ্ধি পায়, বিশেষত গ্রামীণ এলাকায়। **পাকিস্তান** এর পাঞ্জাব প্রদেশে দেখা গেছে, নারী শিক্ষক থাকলে মেয়েরা পরীক্ষায় বেশি ভাল করে।

ইতিবাচক দৃষ্টান্ত:

দক্ষিণ সুদান মাধ্যমিক স্কুলে পাঠরত মেয়েদের শিক্ষকতায় উৎসাহী করে তোলার জন্য কাজ করে এবং শিক্ষক প্রশিক্ষণ গ্রহণ করার জন্য অর্থ সহায়তা দেয়।

আফগানিস্তান ২০১৪ সাল নাগাদ নারী শিক্ষকদের সংখ্যা ৫০% বাড়ানোর কর্মসূচি নিয়েছিল। এ জন্য আর্থিক ও আবাসিক সুবিধা এবং প্রত্যন্ত অঞ্চলের শিক্ষকদের জন্য বিশেষ প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়েছে। যে সব নারী শিক্ষকের প্রয়োজনীয় যোগ্যতা নেই, তাদের জন্য এই সুবিধা প্রদান করা হচ্ছে।

কম্বোডিয়া, লাইবেরিয়া এবং পাপুয়া নিউ গিনি-র যেসব অঞ্চলে মাতৃভাষার দক্ষতা অর্জনে বিশেষ সমস্যা আছে, সেইসব সুবিধাবঞ্চিত এলাকার শিক্ষক প্রশিক্ষণার্থীদের জন্য বৃত্তির ব্যবস্থা আছে।

মধ্য আফ্রিকান প্রজাতন্ত্র এবং কঙ্গো গণতান্ত্রিক প্রজাতন্ত্র-এর সংঘর্ষ-পীড়িত এলাকায় শিক্ষাব্যবস্থা সচল রাখার জন্য স্থানীয় ব্যক্তিদের নিয়োগ দেয়া হয়।

মিশর শিক্ষক নিয়োগের জন্য কঠিন শর্ত প্রয়োগ করে, যার অন্তর্ভুক্ত থাকে পরীক্ষা, সাক্ষাৎকার এবং উচ্চ মাধ্যমিক পরীক্ষা পাশের যোগ্যতা।

সিঙ্গাপুর উচ্চ বিদ্যালয়ে শিক্ষা অর্জনে শীর্ষ তিনজন থেকে প্রার্থী নিয়োগ প্রদান করা হয়।


ফিনল্যান্ড প্রার্থীদের মধ্যে ১০% ভাগের মত ব্যক্তিকে শিক্ষক শিক্ষণ কর্মসূচিতে অন্তর্ভুক্ত করা হয়।

মোজাম্বিক দশ বছরের বেশি সময় ধরে দৃষ্টি প্রতিবন্ধী শিক্ষকদের জন্য প্রশিক্ষণ পরিচালনা করছে।





ভাল চাকুরি এবং অন্যান্য শিক্ষককে তাদের কাজে সহায়তা দানের ক্ষেত্রে শিক্ষকদের জন্য প্রশিক্ষণ কতটা গুরুত্বপূর্ণ তা বুঝিয়ে বলুন।



বার্তা: শিক্ষকদের মানই যে কোন শিক্ষা ব্যবস্থার উৎকর্ষের নির্দেশনা দেয়। উত্তম শিক্ষক প্রশিক্ষণ শিশুদের জন্য কাজিফত, বিশেষত পিছিয়ে পড়া শিশুদের সহায়তা নিশ্চিত করতে পারে।

লক্ষ্য: বিষয়ভিত্তিক জ্ঞানের দুর্বলতা দূর করার জন্য প্রথম পর্যায়েই শিক্ষক প্রশিক্ষণ প্রয়োজন। এটার গুরুত্ব সম্পর্কে সরকারকে অবহিত করুন।

জ্ঞান লাভের ক্ষেত্রে শূন্যতা পূরণে এবং অর্জিত জ্ঞানের উৎকর্ষ সাধন ও সুসংহত করার জন্য প্রশিক্ষণবিহীন জনগোষ্ঠী এবং চুক্তিভিত্তিক শিক্ষকদের জন্য অব্যাহত প্রশিক্ষণের প্রয়োজন আছে, এই বিষয়টা নিশ্চিত করুন।

স্মরণ করিয়ে দিন যে, সকল শিক্ষার্থীকে সাহায্য করার জন্য শিক্ষকদের অধিকতর ও অব্যাহত চাকুরিকালীন প্রশিক্ষণের প্রয়োজন রয়েছে।

বিশেষত, একেবারে প্রাথমিক স্তরে, অনুধাবনশক্তিতে দুর্বল শিক্ষার্থী এবং অন্য যারা বিভিন্ন পটভূমি থেকে আগত, তাদের জন্য এটা খুবই প্রয়োজন।

মূল্যায়নে বিভিন্ন ধরনের পরিমাপক ব্যবহার, যার মাধ্যমে প্রথমেই বিরতিহীনভাবে শিখনের সমস্যা চিহ্নিত বা দূর করা যায়, সে বিষয়ে শিক্ষকদের প্রশিক্ষণ প্রয়োজন।

শিক্ষক প্রশিক্ষণার্থীদের শ্রেণিকক্ষে অভিজ্ঞতা লাভের সুযোগ দিন এবং নতুন শিক্ষকরা যাতে পরামর্শকদের সঙ্গে দেখা করতে পারেন, সে ব্যবস্থা করুন। শিক্ষকদের শিক্ষাদানকারী ও প্রশিক্ষকদের জন্যও প্রশিক্ষণ প্রয়োজন।

সাক্ষ্যপ্রমাণ: ৪৫টি দেশে চালানো ৪র্থ স্তরের ওপর জরিপের তথ্য বিশ্লেষণে দেখা গেছে, শিক্ষকের মান যত উন্নত অর্জনের মান তত ভাল।

পোল্যান্ড-এ দেখা গেছে, কম যোগ্যতাসম্পন্ন কিন্তু অভিজ্ঞ শিক্ষকের কাছে যে শিক্ষার্থী পড়েছে এবং অন্য একজন যে উত্তম যোগ্যতাসম্পন্ন এবং অধিকতর অভিজ্ঞ শিক্ষকের কাছে যে শিক্ষার্থী শিক্ষা লাভ করেছে, তাদের মধ্যে প্রথম জন প্রার্থিত যোগ্যতার চেয়ে ২৫%-এর কম নম্বর পেয়েছে।

ঘানা এবং **পাকিস্তান**-এ দেখা গেছে, শিক্ষক প্রশিক্ষণ কর্মসূচিতে প্রত্যক্ষ শিখন ও দূরশিখনের যথাযথ সম্মিলন ঘটলে তা প্রশিক্ষণকে ব্যাপকতর করে তুলতে পারে।

এমন কর্মসূচির ব্যয় প্রচলিত ব্যবস্থায় খরচের এক-তৃতীয়াংশ থেকে দুই-তৃতীয়াংশের মধ্যে। কিন্তু এমন কর্মসূচি পরিকল্পনা ও বাস্তবায়নের ক্ষেত্রে যথাযথ পদক্ষেপ নিতে হবে, যাতে গুণগত মান নিশ্চিত করা যায়।

ইতিবাচক দৃষ্টান্ত:

মেক্সিকো: সুবিধাবঞ্চিত এলাকায় জনগোষ্ঠী কর্তৃক পরিচালিত প্রাক-বিদ্যালয়সমূহে শিক্ষকদের জন্য প্রশিক্ষণ ও সহায়তা প্রদান করা হয়।

গিনি: সরকার এবং শিক্ষক সমিতিতে যুক্ত করে এক নীতিমালার আওতায় চুক্তিভিত্তিক শিক্ষকদের ১৮ মাসের প্রশিক্ষণ দেয়া হচ্ছে।

বেনিন: ২০০৭ সালে প্রণীত একটি কর্মসূচির অধীনে স্থানীয় জনগোষ্ঠী ও শিক্ষকদের তিন বছরের প্রশিক্ষণ দেয়া হয় যার দ্বারা তারা সরকারী স্কুলে নিয়োগপ্রাপ্ত শিক্ষকদের সমান যোগ্যতা অর্জন করে।

কেনিয়া: স্কুল-কেন্দ্রিক শিক্ষক উন্নয়ন কর্মসূচির সঙ্গে ছয় মাসের একটা স্ব-পঠন কোর্স প্রবর্তন করা হয়েছে, যেখানে দূরশিখনের উপকরণ ব্যবহার করা হয় এবং স্থানীয় প্রশিক্ষণ কেন্দ্রে প্রশিক্ষকদের সঙ্গে শিক্ষার্থীদের সাক্ষাতের ব্যবস্থা থাকে। শিক্ষার্থী-কেন্দ্রিক পদ্ধতি প্রয়োগে এই কর্মসূচি শিক্ষকদের সাহায্য করে।

ভিয়েতনাম: শিক্ষকরা প্রত্যেকে ভিন্নতর শিক্ষণ পরিকল্পনা তৈরি করেন। এর মাধ্যমে শিশুদের বিভিন্ন রকমের শিখন চাহিদা পূরণ করার চেষ্টা করা হয় এবং বিশেষ চাহিদাসম্পন্ন বা প্রতিবন্ধী শিশুদের শিখনফল পরিমাপ করা সম্ভবপর হয়।

জার্মানী: পিছিয়ে পড়া শিক্ষার্থীদের সমস্যা চিহ্নিত ও সমাধান করার কাজে শিক্ষকদের সাহায্য করার ওপর জোর দেয়া হয়। শিক্ষকবৃন্দ পেশাগত জীবনে সম্পূর্ণ যোগ্য হয়ে ওঠার আগে অভিজ্ঞ শিক্ষকদের কাছে একটা বর্ধিত সময় ধরে পরামর্শ লাভ করে থাকেন।

দক্ষিণ আফ্রিকা: দূরশিখনের বিভিন্ন মুদ্রিত উপকরণের সঙ্গে মোবাইলে এসএমএস পাঠানো হয় শিক্ষকদের কাছে।

যুক্তরাজ্য, ফ্রান্স, ইসরায়েল, নরওয়ে, সিঙ্গাপুর এবং **সুইজারল্যান্ড** সহ বহু দেশে পরামর্শক শিক্ষকদের জন্য আনুষ্ঠানিক প্রশিক্ষণের ব্যবস্থা আছে।

নরওয়ে: স্কুলের অধ্যক্ষ প্রত্যেক নতুন নির্বাচিত শিক্ষকের জন্য একজন অভিজ্ঞ শিক্ষককে আলাদা করে দায়িত্ব দেন।



সবার জন্য মানসম্মত শিক্ষক: এটা হল এডুকেশন ইন্টারন্যাশনাল এবং অক্সফাম নভিব (নেদারল্যান্ডস)-এর একটা যৌথ উদ্যোগ। এর মাধ্যমে মালি এবং উগান্ডার শিক্ষকদের সহায়তা প্রদান করা হয়, যাতে তাঁরা যোগ্যতাভিত্তিক শিক্ষা বাস্তবায়নে পরস্পরের মধ্যে অভিজ্ঞতা বিনিময় এবং একে অন্যকে সাহায্য করতে পারেন। প্রকল্পের মাধ্যমে যোগ্যতাবিহীন বা স্বল্প যোগ্যতাসম্পন্ন শিক্ষকদের সার্টিফিকেট লাভে সাহায্য করা হয়, যাতে তাঁরা সরকারি চাকুরিতে অন্তর্ভুক্ত হতে পারেন। বিশ্লেষণে দেখা গেছে, এর ফলে শিক্ষণ ও শিখন উভয়তই উন্নতি সাধিত হয়েছে।



সরকারকে এটা বুঝাতে সাহায্য করুন যে কী কী বিষয়ের মাধ্যমে শিক্ষকদের এমনভাবে প্রণোদিত করা যায় যাতে তারা অসুবিধাপীড়িত অথবা লেখাপড়ায় হ্রস্ব মানসম্পন্ন স্কুলে শিক্ষকতা করতে উদ্বুদ্ধ বোধ করেন।

বার্তা: যে সব দুর্গম অঞ্চলে জীবন যাপন বেশ কষ্টকর, কিন্তু সেখানকার লেখাপড়াও মানসম্মত হওয়া দরকার, এসব অঞ্চলে কাজ করার জন্য আমাদের প্রণোদনা দরকার।

লক্ষ্য: প্রত্যন্ত অঞ্চলে কাজ করার জন্য প্রণোদনা জোগাতে সরকারকে শিক্ষকদের জন্য বাড়তি সুবিধা দিতে হবে, যেমন, উন্নত আবাসিক ব্যবস্থা, ভাতা, ঋণ পরিশোধের সুযোগ, বোনাস ও চাকুরিতে পদোন্নতির সুযোগ প্রভৃতি।

সাক্ষ্যপ্রমাণ: নিয়োগের ক্ষেত্রে অসমতার সুবাদে সুবিধাবঞ্চিত এলাকার স্কুলসমূহে শিক্ষক স্বল্পতা থাকে। দেখা গেছে, বিষয়-জ্ঞান এবং শিক্ষাদানে দুর্বল শিক্ষকরা পিছিয়ে-পড়া শিক্ষার্থীদের পড়াচ্ছেন। শিখনফলে এর বিশেষ নেতিবাচক প্রভাব পড়ে।

অনেক শিশু যে মৌলিক শিক্ষালাভের আগেই স্কুল ছেড়ে যায়, এটাও তার একটা কারণ। **বাংলাদেশ**-এ বিভিন্ন উপজেলায় ৬০% শিক্ষার্থী প্রাথমিক স্তর

শেষ করার আগেই ঝরে পড়ে, কারণ এইসব জায়গায় শিক্ষক প্রতি শিক্ষার্থীর সংখ্যা ৭৫, তুলনামূলকভাবে বাকি শিক্ষার্থীদের প্রতি ৩০ জনের জন্য একজন শিক্ষক রয়েছেন।

ইতিবাচক দৃষ্টান্ত:

কোরিয়া প্রজাতন্ত্র-এর সুদক্ষ এবং সমতাসূচক শিখনফলের অন্যতম কারণ হল, বৃত্তি ও উন্নততর পদোন্নতির সুযোগের মত প্রণোদনা। সুবিধাবঞ্চিত শিক্ষার্থীদের অধিকতর যোগ্য এবং অভিজ্ঞ শিক্ষকের কাছে শিক্ষালাভের অভিজ্ঞমত্যা সৃষ্টি করা হয়। গ্রামে কর্মরত শিক্ষকদের ৭৭% ভাগেরই স্নাতক ডিগ্রী রয়েছে, সেই তুলনায় বড় শহরের শিক্ষকদের ক্ষেত্রে তা ৩২%।

গাম্বিয়া-য় প্রত্যন্ত অঞ্চলের শিক্ষকদের মূল বেতনের ৩০% থেকে ৪০% ভাতা হিসেবে প্রদান করা হয়। ২০০৭ সাল নাগাদ ২৪% শিক্ষকই এমন কষ্টকর অঞ্চলে কাজ করার জন্য আবেদন জানিয়েছেন।

২০১১ সাল থেকে **সেনেগাল** সরকার শিক্ষক প্রশিক্ষণকে শিক্ষকদের কাছে সুলভ করে তোলার লক্ষ্যে আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্র স্থাপন করেছে।



মানসম্মত শিক্ষাপ্রদানে শিক্ষকদের জন্য প্রণীত সচেতনতাবিকাশী উপকরণ

চীন ২০০৭ সালে অবৈতনিক শিক্ষক শিক্ষা কর্মসূচি চালু করে। সবচেয়ে উঁচু মানের বিশ্ববিদ্যালয়ের প্রথম সারির শিক্ষার্থীদের গ্রামের স্কুলে শিক্ষাদানে প্রণোদনা দেয়ার জন্য কর্মসূচি গ্রহণ করা হয়।

মালয়ী-তে গ্রামীণ দুর্দশাগ্রস্ত এলাকায় নতুন নিয়োগপ্রাপ্ত শিক্ষকদের জন্য ২০১০ সালে মূল বেতনই বৃদ্ধি করা হয়েছে।

রুয়ান্ডা-য় দুর্গম এলাকায় প্রশিক্ষিত শিক্ষকদের জন্য হ্রস্ব সুদের হারে ঋণ দেয়া হয়। এসব এলাকার বেশির ভাগ শিক্ষকই এই সুযোগ গ্রহণ করে থাকেন; তারা নিজেদের সঞ্চয়ের ৫ গুণ বেশি ঋণ নিতে পারেন।



সরকারকে বলুন কী কী বিষয় একজন শিক্ষককে এই পেশা বেছে নিতে ও এই পেশায় থাকতে উদ্বুদ্ধ করতে পারে।



বার্তা: আমরা যে কাজ করছি, তার জন্য প্রাপ্য সম্মান দিতে হবে। আমাদের বেতন দিয়ে যেন আমরা মৌলিক চাহিদা মেটাতে পারি এবং আমাদের দায়বদ্ধতার জন্য যেন পেশাগত পদোন্নয়নের ব্যবস্থা থাকে।

কিন্তু, সাব-সাহারান আফ্রিকায় অবস্থিত আটটি দেশে দেখা গেছে, শিক্ষকদের গড় বেতন এই অঙ্কের অনেক নিচে।

প্রকৃত তথ্য: একজন শিক্ষক যিনি পরিবারের একমাত্র উপার্জনকারী ব্যক্তি এবং যাঁর পরিবারের সদস্য সংখ্যা অন্তত চারজন, তার পক্ষে এই পরিবারকে দারিদ্র্যসীমার উপরে রাখার জন্য অন্তত দিনে ১০ মার্কিন ডলার আয় প্রয়োজন।

লক্ষ্য: শিক্ষকদের বেতন এমন হবে যা দিয়ে তাদের মৌলিক চাহিদা পূরণ সম্ভবপর। শিক্ষকদের জন্য সম্ভাব্য সর্বোৎকৃষ্ট কাজের পরিবেশ তৈরি করতে হবে।

শিক্ষকদের জন্য আকর্ষণীয় পেশাগত উন্নতির পথ খোলা রাখতে হবে। যেসব শিক্ষক

বৈচিত্র্যের লালন করেন ও দুর্বল শিক্ষার্থীদের সহায়তা প্রদান করেন, তাদের পুরস্কৃত করতে হবে। শিক্ষকদের স্বল্প মেয়াদে চুক্তিবদ্ধ অথবা স্বল্প বেতন দিলে চলবে না, বরং তাদের সরকারি চাকুরিতে নিয়োগ দানের ব্যবস্থা করতে হবে।

সাক্ষ্যপ্রমাণ: ১৯৯০ থেকে ২০১০ সাল পর্যন্ত প্রকাশিত ৬টি গবেষণায় দেখা গেছে, শিক্ষকদের বেতনের সঙ্গে শিখনফল অর্জনের সরাসরি যোগ রয়েছে। যেসব দেশে চুক্তিভিত্তিক শিক্ষকের ওপর নির্ভরশীলতা বেশি অর্থাৎ শিক্ষকদের চুক্তি স্বল্প মেয়াদী এবং তাদের বেতন কম-সেগুলিই হল শিক্ষায় অভিজ্ঞতা ও শিখনে পেছনের সারির দেশ।

স্কুলে শিক্ষকদের অনুপস্থিতির একটা কারণ হল, কম বেতন এবং পদোন্নতির সীমিত সুযোগ। এর ফলে শিক্ষকরা বাড়তি কাজে যুক্ত হন-যেমন, প্রাইভেট টিউশন। তার ফলে নিয়মিত কাজের প্রতি শিক্ষকের দায়বদ্ধতা হ্রাস পায়। এই ধরনের কাজের জন্য যখন শিক্ষকরা কম বেতন পান, তখন ভাল শিক্ষার্থীরা শিক্ষকতায় নিরুৎসাহিত বোধ করে। স্বাভাবিকভাবেই শিক্ষকরা উৎসাহ হারিয়ে ফেলেন এবং এই পেশা ছেড়ে চলে যেতে চান।

চিলি-তে দক্ষতার সঙ্গে যুক্ত করে বেতন দানের রীতি শিখনের ক্ষেত্রে বৈষম্য বাড়িয়ে দিয়েছে। যে কোন নীতিমালা বাস্তবায়নের সময় খেয়াল রাখতে হবে, তা যেন দুর্বলতম ও সুবিধাবঞ্চিত শিক্ষার্থীদের শিক্ষাদানের জন্য প্রদত্ত প্রণোদনার বিপরীতে এ ধরনের কোন ক্ষতিকর পার্শ্ব প্রতিক্রিয়া সৃষ্টি না করে।

ইতিবাচক দৃষ্টান্ত:

কানাডা, লুক্সেমবুর্গ এবং নিউজিল্যান্ড-এ উচ্চতর শিক্ষাপ্রাপ্ত পূর্ণকালীন চাকুরের গড় বেতনের চেয়ে শিক্ষকদের অধিক বেতন দেয়া হয়।

২০০৯ সালে **নরওয়ে** শিক্ষকদের অবস্থান উন্নততর করার জন্য অধিকতর পদক্ষেপ নিয়েছে। গণমাধ্যমে শিক্ষকদের স্তরবিন্যাসে উন্নতি দেখা গেছে এবং আগের বছরের তুলনায় ২০১১ সালে শিক্ষক পদের জন্য আবেদনের সংখ্যা ৩৮% বৃদ্ধি পেয়েছে।

ব্রাজিল-এ স্কুলগুলিতে শিক্ষকদের সম্মিলিত বোনাস দানের মাধ্যমে শিশুদের শিখনফলে ইতিবাচক ফল পাওয়া গেছে।

ঘানা একটি নতুন পেশাগত কাঠামো তৈরি করেছে, যার লক্ষ্য হল, শিক্ষকতার ব্যবহারিক ক্ষেত্রে উন্নতি সাধন।



বাস্তব পরিবর্তনের সপক্ষে অধিপারামর্শমূলক পদক্ষেপসমূহ

যে সমস্যাটির ওপর জোর দিকে চান, তা বাছাই করুন। নিজের অভিজ্ঞতা থেকে এ বিষয়ে যা জানেন তা সংকলিত করুন। এ বিষয়ে আপনার দেশের বিশ্বস্ত সূত্র থেকে প্রাপ্তব্য তথ্য সংগ্রহ করুন।

আপনি কি একজন শিক্ষক? আপনার নিজের শ্রেণিকক্ষে পরিবর্তন শুরু করুন। অন্যরা অনুকরণ করতে পারে এমন দৃষ্টান্ত সৃষ্টি করুন। আপনার উদ্যোগেরই প্রভাব ফুটে উঠবে যখন আপনি দেখাতে পারবেন, আপনার শিক্ষার্থীরা কত ভালভাবে শিখেছে।

আপনার শিক্ষার্থীরাই আপনার পরিবর্তনের জন্য আহ্বানকে আরো গতিশীল করে তুলতে পারে। #teachlearn—এ টুইট করে তাদের কথা সামাজিক মাধ্যমে ছড়িয়ে দেবার জন্য উৎসাহিত করুন। একটা ব্যাপক অনলাইন জোটে ওদের যোগ দিতে বলুন, যার মাধ্যমে রাজনীতিবিদ, সংবাদ মাধ্যম এবং বিশ্বব্যাপী লবিং করা যাবে। তারপর, স্কুলগুলোতে সংস্কার শুরু করুন এবং আপনার কথাটা উচ্চস্বরে জানিয়ে দিন।

মনে রাখবেন, মাতা-পিতা ও স্থানীয় জনগোষ্ঠী আপনার বার্তা ছড়িয়ে দিতে সাহায্য করতে পারে। মানসম্মত শিক্ষার সমর্থনে তাদেরও প্রবল উৎসাহ আছে। একটা সাক্ষ্য সভার আয়োজন করুন। কোন বিষয়টা কাজে দেয়, তা নিয়ে কথা বলুন। বোঝান, এ বিষয়ে পিতা-

মাতার মনোযোগ কেন প্রয়োজন। আপনার সমর্থনে একটা গোষ্ঠী গড়ে তুলুন।

আপনার ট্রেড ইউনিয়নের সঙ্গে শলাপরামর্শ করুন। তাদের অগ্রাধিকারের তালিকায় আপনারটা যুক্ত করুন।

আপনার দেশে সবার জন্য শিক্ষার পক্ষে শিক্ষক বিষয়ক আন্তর্জাতিক টাঙ্ক ফোর্সের সঙ্গে যোগাযোগের প্রধান ব্যক্তিকে চিহ্নিত করুন। তার সঙ্গে আপনার নিজের কাজ ও তার ফলাফল নিয়ে মতবিনিময় করুন।

আপনার বিষয়টা তুলে ধরার জন্য একটা ভাল সুযোগ তৈরি করুন। শিক্ষামূলক বিভিন্ন অনুষ্ঠান, নির্বাচনী প্রচার এবং আন্তর্জাতিক দিবস অথবা স্কুলের সাময়িক পর্বকে বেছে নিন, যখন আপনি গণমাধ্যমের সঙ্গে কথা বলতে পারবেন অথবা পরিবর্তন আনার জন্য আপনার সমিতির সঙ্গে পরামর্শ করুন।

গণমাধ্যমের সঙ্গে সুসম্পর্ক রাখুন। এই সহায়ক উপকরণে প্রদত্ত সাক্ষ্যপ্রমাণ তুলে ধরে আপনার অবস্থানকে জানান। আপনার অবস্থান সম্পর্কে স্থানীয় সংবাদপত্রে চিঠি লিখুন এবং কি পরিবর্তন চান, তা ব্যাখ্যা করুন।

আপনার কথা জানানোর জন্য সামাজিক মাধ্যমকে ব্যবহার করুন। দেখুন, রাষ্ট্রপতি, প্রধানমন্ত্রী বা শিক্ষামন্ত্রীকে টুইট করে জানাতে পারেন কি না।




যেসব স্থানীয় এবং জাতীয় পর্যায়ে বেসরকারী সংস্থা মানসম্মত শিক্ষা নিয়ে কাজ করে সেসব সংস্থার মুখপাত্র হিসেবে আপনি তাদের কোন আয়োজনে যোগদানে আগ্রহ প্রকাশ করুন অথবা সংবাদ মাধ্যমের সঙ্গে যুক্ত হোন। আপনার অভিজ্ঞতা হয়ত অধিকতর সরকারী সাহায্য পাবার বিষয়টাকে জোরদার করতে পারে।

যদি আপনি শিক্ষক শিক্ষণের শিক্ষক অথবা প্রধান শিক্ষক হন, তা হলে আপনি স্কুলের অন্যান্য শিক্ষকদের বিভিন্ন সমস্যা বিষয়ে সচেতন করে তুলতে পারেন।

আপনি কি কোন ইউনিয়নের কর্মকর্তা বা শিক্ষক পরিষদের সদস্য? যদি আপনি কোন শিক্ষক সংগঠন বা ইউনিয়নের কাজের সঙ্গে জড়িত থাকেন, তাহলে শ্রেণিকক্ষে তাদের নিজস্ব অভিজ্ঞতার ভিত্তিতে নীতি-নির্ধারণী প্রক্রিয়ায় যুক্ত হবার জন্য আপনার সদস্যদের প্রতি সমর্থন জানান।

২০১৫ সালের পর নতুন বৈশ্বিক উন্নয়ন কৌশলে শিক্ষা এবং শিক্ষকদের বিষয়ে উচ্চ অগ্রাধিকার দাবি করে আপনার সরকার, জাতিসংঘ-এর এজেন্সীসমূহ ও দাতাদের কাছে বার্তা পাঠান।

শিখনফল উন্নয়নে সরকারের প্রধান সহযোগী হিসেবে শিক্ষকতা পেশার ইতিবাচক সুখ্যাতি জোরদার করার জন্য ইউনিয়ন ও শিক্ষক সংগঠনসমূহকে অব্যাহতভাবে কাজ করে যেতে হবে।



টুকরো নির্দেশ

ক্রোধ পরিহার করুন!
ইতিবাচক দিকের প্রতি জোর দিন!



শিশুদের সংকট দূর করার জন্য
নীতি-নির্ধারকদের শিক্ষকদেরকে সাহায্য করতে হবে।

মানসম্মত শিক্ষাপ্রদানে শিক্ষকদের জন্য প্রণীত সচেতনতাবিকাশী উপকরণ



Education International
Internationale de l'Éducation
Internacional de la Educación



গণসাক্ষরতা অভিযান
Campaign for Popular Education (CAMPE)

**EFA Monitoring Report Team,
UNESCO (ED/ED/MRT)**

7 place de Fontenoy
75352 Paris 07 SP
France

Telephone:
+33 (0)1 45 68 10 00

E-mail:
efareport@unesco.org

**International Task Force
on Teachers for EFA**

7 place de Fontenoy
75352 Paris 07 SP
France

Telephone:
+33 (0)1 45 68 122 43

E-mail:
teacherstaskforce@unesco.org

**Education International
Head office**

5 Boulevard du Roi Albert II
B-1210 Brussels
Belgium

Telephone:
+32-2 224 0 611

E-mail:
headoffice@ei-ie.org

**Campaign for Popular
Education (CAMPE)**

5/14, Humayun Road
Mohammadpur, Dhaka-1207
Bangladesh

Tel: +88-02-9130427
+88-02-8142024-5
+88-02-58155031-2
+88-02-58153417

Fax: +88-02-9123842
E-mail: info@campebd.org

মানসম্মত শিক্ষাপ্রদানে
শিক্ষকদের জন্য প্রণীত
সচেতনতাবিকাশী উপকরণ

Developed by an independent team and published by UNESCO, the Education for All Global Monitoring Report is an authoritative reference that aims to inform, influence and sustain genuine commitment towards Education for All.

The graphics in this brochure were designed by Wild is the Game.

Published in 2014 by the United Nations Educational, Scientific and Cultural Organization
7, place de Fontenoy
75352 Paris 07 SP, France

@UNESCO 2014
All rights reserved

Infographics: Wild the Game and Laura Yates
Layout: Education International
Graphic design: Education International

গণসাক্ষরতা অভিযান কর্তৃক বাংলাদেশে মুদ্রিত ও প্রকাশিত



#teachlearn

All references to the evidence presented in this paper can be found in the 2013/4 EFA Global Monitoring Report